তারিখ ..........
পৃষ্ঠা ..... 11 JUN 2003

প্রথম আলো

# সিলেটে প্রাথমিক শিক্ষার হাল

## এ সংকট মোকাবিলায় যথাযথ উদ্যোগ নিন

সিলেট বিভাগে প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে দীর্ঘদিন ধরেই সংকট চলছে। এ নিয়ে পত্রপত্রিকায় লেখালেখিও হয়েছে। কিন্তু এই সংকট উত্তরণের ক্ষেত্রে কোনো অগ্রগতি তো হয়ইনি বরং পরিস্থিতির আরো অবনতি হয়েছে।

সিলেটবাসীর জন্য প্রথম আলো পত্রিকায় পাক্ষিক আয়োজন আলোকিত সিলেটে প্রকাশিত এক প্রতিবেদনে বলা হয়েছে, সিলেট বিভাগের চার জেলায় প্রাথমিক শিক্ষকের সংকট আরো তীব্র হয়েছে, সেই সঙ্গে কর্মকর্তার সংকটও বাড়ছে। এর ফলাফল হিসেবে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা কার্যক্রম সিলেট বিভাগে কার্যত হুমকির মুখে এসে দাঁড়িয়েছে।

একটি দেশের শিক্ষা ব্যবস্থায় প্রাথমিক শিক্ষার বিষয়টি সবচেয়ে গুরুত্বপূর্ণ হিসেবে বিবেচিত। প্রাথমিক শিক্ষা ব্যবস্থায় এই সংকট সিলেট বিভাগের সামগ্রিক শিক্ষা ক্ষেত্রেই নেতিবাচক প্রভাব ফেলবে। যেখানে সারা দেশে শিক্ষিতের হার বৃদ্ধির চেষ্টা চলছে সেখানে এই বিভাগে শিক্ষিতের হার কমে যাওয়ার আশঙ্কাই দিনে দিনে জোরদার হচ্ছে।

সিলেট বিভাগে এই সংকটের পেছনে কিছু স্থানীয় কারণ রয়েছে। সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে সেই বিষয়গুলো বিবেচনায় নিয়েই সমস্যা সমাধানে এগিয়ে আসতে হবে। সিলেট বিভাগের চার জেলার মোট ৩ হাজার ৩৪৮টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে সহস্রাধিক বিদ্যালয়েই শিক্ষক সংকট তীব্র। এর মধ্যে ১১৯টি বিদ্যালয়ে কোনো প্রধান শিক্ষক নেই!

এর পেছনে মূল যে কারণটি কাজ করছে তা হলো স্বল্প বেতন। সিলেটবাসীর মধ্যে বিদেশ যাওয়ার প্রবণতা বেশি। ফলে স্বল্প আয়ের এই পেশায় না থেকে অনেকেই ব্রিটেনসহ অনেক দেশে চলে গেছেন। সিলেটের এই বিশেষ সামাজিক পরিস্থিতিকে আলাদা গুরুত্ব দিয়ে সে অনুযায়ী ব্যবস্থা নিতে হবে। এটা করতে না পারলে সিলেট বিভাগে শিক্ষিতের হার কমতে থাকবে, যা কোনোভাবেই কাম্য হতে পারে না। সংশ্লিষ্ট কর্মকর্তাদের বিষয়টি নিয়ে চিন্তাভাবনা করতে হবে এবং সিলেটের শিক্ষাবিদ ও স্থানীয় নাগরিক সমাজকেও এ ধরনের সংকট মোকাবিলায় উদ্যোগী হতে হবে।